



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৫৫

সাশ্রয়ী, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক ও স্মার্ট বাংলাদেশ বানাতে চান সজীব ওয়াজেদ জয়
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

রাজশাহী; ২৯ পৌষ (১৩ জানুয়ারি):

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, এমপি বলেছেন, ২০৪১ সাল নাগাদ বাংলাদেশকে সাশ্রয়ী, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক ও উদ্ভাবনী স্মার্ট বাংলাদেশ হিসেবে বিনির্মাণ করতে চান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র সজীব ওয়াজেদ জয়।

আজ শুক্রবার (১৩ জানুয়ারি) বিকালে রাজশাহীর বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কে স্টার সিনেপ্লেক্স উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন।

জুনায়েদ আহমেদ পলক বলেন, সজীব ওয়াজেদ জয় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি মাইলফলক চিহ্নিত করে দিয়েছেন। যেগুলো হলো- স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার ও স্মার্ট সমাজ। স্মার্ট প্রজন্ম গড়ে তুলতে একটি উদার প্রগতিশীল অসাম্প্রদায়িক প্রজন্ম গড়ে তোলার জন্য আমাদের প্রয়োজন একটি সাংস্কৃতিক বিপ্লব। সেই কাজটি এগিয়ে নিতে এই শিক্ষানগরীকে সিলিকন নগরীতে পরিণত করার জন্য ২০১৬ সালে শেখ হাসিনা রাজশাহীতে একটি হাইটেক পার্ক স্থাপনের আশ্বাস দেন। এরই ধারাবাহিকতায় এই বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক।

প্রতিমন্ত্রী বলেন, হাইটেক পার্কে রয়েছে ১০তলা বিশিষ্ট জয় সিলিকন টাওয়ার এবং এর পাশে রয়েছে ৪তলা বিশিষ্ট শেখ কামাল আইটি ট্রেনিং স্পেশাল সেন্টার। এখানে একজন উদ্যোক্তা সফটওয়্যার ডেভেলপিং ও আউটসোর্সিং এর মাধ্যমে রাজশাহীর মাটিতে বসে ইউরোপ, আমেরিকা, অস্ট্রেলিয়ার বড় বড় কোম্পানিতে কাজ করছে; সেখান থেকে প্রচুর আয় হচ্ছে।

সজীব ওয়াজেদ জয়ের স্বপ্ন তথ্য প্রযুক্তিখাতে দক্ষমানব সম্পদ তৈরি করা মন্তব্য করে তিনি বলেন, সফটওয়্যার-হার্ডওয়্যার মিলিয়ে আমাদের প্রতি বছর ১.৪ মিলিয়ন ডলার আয় হয়। আমাদের প্রায় ৩০ লক্ষাধিক তরুণ-তরুণী আইসিটি সেক্টরে কর্মসংস্থানের সুযোগ পেয়েছে। তবে আমরা এখানেই থেমে যাব না। আমাদেরকে আরও সুযোগ-সুবিধা তৈরি করতে হবে।

তিনি হাইটেক পার্কে স্টার সিনেপ্লেক্স নির্মাণের গুরুত্ব তুলে ধরে বলেন, আমাদের তরুণ প্রজন্মকে সৃজনশীল, প্রগতিশীল ও উদার গণতান্ত্রিক প্রজন্ম হিসেবে গড়ে তোলার জন্য আমরা চলচিত্র শিল্পকে আরও উৎসাহিত করতে চাই।

আমাদের ১২টি হাইটেক পার্কের নির্মাণ কাজ চলছে। প্রত্যেকটি হাইটেক পার্কে আমরা আধুনিক সিনেমা থিয়েটার নির্মাণ করব। অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ বক্তৃতা করেন। অনুষ্ঠানে আইসিটি খাতের উদ্যোক্তা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/সিকান্দার/রোকন/২০২৩/১৭.৩০ঘ.